

কী রাগিণী বাজালে হৃদয়ে, মোহন, মনোমোহন,
তাহা তুমি জান হে, তুমি জান ॥
চাহিলে মুখপানে, কী গাহিলে নীরবে
কিসে মোহিলে মন প্রাণ,
তাহা তুমি জান হে, তুমি জান ॥
আমি শুনি দিবারজনী
তারি ধ্বনি, তারি প্রতিধ্বনি ।
তুমি কেমনে মরম পরশিলে মম,
কোথা হতে প্রাণ কেড়ে আন,
তাহা তুমি জান হে, তুমি জান ॥

Parjaay: Prem, Taal: Ektaal, Raag: Mishra Kanara
Visit www.geetabitan.com for notation and other detail